দর্শনার্থী নির্দেশিকা

লালগোলা রাজ কালী বাড়ি—চৈতন্যময়ী (শৃঙ্খলিত) রাজেশ্বরী মা কালীর মন্দির, স্থাপিত ১৮১৩ (মন্দিরফলক অনুযায়ী)। মুর্শিদাবাদ জেলার লালগোলায়, রাজবাড়ি প্রাঙ্গণে অবস্থিত। এই নির্দেশিকা আপনার দর্শন সহজ ও নিরাপদ করতে।

দর্শনের সময়

- প্রতিদিন প্রথা অনুযায়ী পুজো, ভোগ ও আরতি হয়। নির্দিষ্ট সময়সূচি শীঘ্রই ঘোষণা করা হবে।
- অমাবস্যা, পূর্ণিমা, কালীপুজো ও বিশেষ তিথিতে সময় ও ভিড় বদলাতে পারে—রওনা হওয়ার আগে ওয়েবসাইটের সময়সূচি পাতা দেখে নিন।

অনলাইনে সেবা বুকিং

- ওয়েবসাইটের "সেবা ও দান" পাতায় যান এবং সেবার ধরন বাছুন।
- নাম, গোত্র, মোবাইল ও গ্রাম/শহর লিখুন; বিবাহ বা অন্নপ্রাশনে প্রয়োজনীয় নথি দিন।
- পাঠানোর পর একটি টোকেন নম্বর ও টিকিট পাবেন—লিখে বা ডাউনলোড করে রাখুন।
- মন্দির থেকে নিশ্চিত করার পরই দক্ষিণা দিন। মন্দির কখনও UPI পিন বা OTP চাইবে না।

সঙ্গে যা আনবেন

- একটি পরিচয়পত্র (সীমান্ত এলাকা)।
- নিবেদনের জন্য কাপড় বা কাগজের ব্যাগ—প্লাস্টিক নয়।
- গরমে জল ও ছাতা; বর্ষায় ছাতা ও উপযুক্ত জুতো।

উৎসবের দিনে

- আগে পৌঁছন, লাইনে দাঁড়ান এবং স্বেচ্ছাসেবকদের নির্দেশ মানুন।
- শিশু ও প্রবীণদের সঙ্গে রাখুন; দামি জিনিস কম আনুন।

যোগাযোগ

- প্রধান পুরোহিত (উত্তীয় পাণ্ডে): ৯০৯৩৯ ৩৬৯৯৬
- প্রধান ঢাকি (তাপস রবিদাস): ৯৬৪১৮ ৭৭০৮৮
- অনলাইন অপারেটর (DOPS): ৯১৫৩৪ ৭২৭৯৯ · lalgolakalibari@gmail.com

আচরণবিধি, সময়সূচি, ভ্রমণ সহায়িকা ও মা-পঞ্জিকা: lalgolakalibari.in → নথিপত্র → ডাউনলোড